

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ, ঢাকা।

(২০২১ইং সনের ৯৭নং গঠনবিধি)

আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, শারীরিক উপস্থিতি ব্যাতিরেকে আগামী ২রা মে, ২০২১ইং রোজ রবিবার হইতে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত -“আদালত কর্তৃক তথ্য-প্রযুক্তি ব্যবহার আইন, ২০২০ (১১নং আইন, ২০২০)” এবং অত্র কোর্ট কর্তৃক জারীকৃত “প্রাকটিস ডাইরেকশন” অনুসরণ করতঃ তথ্য প্রযুক্তি ব্যবহার করে শুধু ভার্সুয়াল উপস্থিতির মাধ্যমে হাইকোর্ট বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য নিম্নে উল্লেখিত বেঞ্চ সমূহ গঠন করা হইল :

১। বিচারপতি ফারাহ মাহবুব

এবং

বিচারপতি এস, এম, মনিরুজ্জামান

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং ডিভিশন বেঞ্চে গ্রহনযোগ্য দুর্নীতি দমন কমিশন আইন ও মানি লন্ডারিং আইনের আওতাধীন বিষয়াদি ব্যতীত অতীব জরুরী সকল প্রকার রীট মোশন গ্রহন করিবেন; যেকোন বেঞ্চ কর্তৃক প্রদেয় রুল ও অন্তর্বর্তীকালীন যেকোন আদেশ/রায় সংশোধনীর আবেদনপত্রও গ্রহণ করিবেন।

২। বিচারপতি কৃষ্ণ দেবনাথ

এবং

বিচারপতি এ, এস, এম, আব্দুল মোবিন

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং একক ও ডিভিশন বেঞ্চে গ্রহনযোগ্য দুর্নীতি দমন কমিশন আইন, মানি লন্ডারিং আইন ও আগাম জামিনের আবেদনপত্র ব্যতীত অতীব জরুরী সকল প্রকার ফৌজদারী মোশন গ্রহন করিবেন; ফৌজদারী আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র এবং একক ও ডিভিশন বেঞ্চে কর্তৃক প্রদেয় জামিনসহ যেকোন আদেশ ও রায় সংশোধনীর আবেদনপত্রও গ্রহণ করিবেন।

৩। বিচারপতি মোস্তফা জামান ইসলাম

এবং

বিচারপতি মোঃ সোহরাওয়ারদী

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং একক ও ডিভিশন বেঞ্চে গ্রহনযোগ্য দুর্নীতি দমন কমিশন আইন, মানি লন্ডারিং আইন ও আগাম জামিনের আবেদনপত্র ব্যতীত অতীব জরুরী সকল প্রকার ফৌজদারী মোশন গ্রহন করিবেন; ফৌজদারী আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র এবং একক ও ডিভিশন বেঞ্চে কর্তৃক প্রদেয় জামিনসহ যেকোন আদেশ ও রায় সংশোধনীর আবেদনপত্রও গ্রহণ করিবেন।

  
প্রধান বিচারপতি  
বাংলাদেশ

তারিখঃ- ২৯/০৪/২০২১ইং

প্রচারের জন্য :-

১। বিচারপতি ফারাহ মাহবুব

২। বিচারপতি কৃষ্ণ দেবনাথ

৩। বিচারপতি মোস্তফা জামান ইসলাম